যুগান্তর

তারিখ ..19. JAN..2017... ...
পৃষ্ঠা ...০৭... কলাম.... ২.....



কনকনে ঠাণ্ডার মধ্যে জামালপুরের দেওয়ানগঞ্জ সরকারি মডেল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বারান্দায় পাঠদান চলছে যুগান্তর

# দেওয়ানগঞ্জে স্কুল শিক্ষার্থীদের বারান্দায় পাঠদান

**দেওয়ানগঞ্জ প্রতিনিধি**

ক্লাস রুমের অভাবে কনকনে ঠাণ্ডা আর হিমেল বাতাসের মধ্যে বসে দেওয়ানগঞ্জ সরকারি মডেল প্রাথমিক বিদ্যালয়ের ৮০ জন শিশু শিক্ষার্থী পাশের সরকারি উচ্চ বিদ্যালয়ের একটি ভবনের বারান্দায় পাঠ গ্রহণ করছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক গুলশানারা ফেরদৌস জানান, প্রাক প্রথমিক ক্লাস ছাড়াও প্রথম শ্রেণীতে ৮০ জন, দ্বিতীয় শ্রেণীতে ৮০, ৩য় শ্রেণীতে ৭৫, চতুর্থ শ্রেণীতে ৯০ জন এবং ৫ম শ্রেণীতে ৯০ জন শিক্ষার্থী রয়েছে। পুরাতন ভবনটি পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে। ক্লাস রুমের অভাবে বারান্দায় ঠাসাঠাসি করে বসে শিক্ষার্থীরা ক্লাস করছে।